BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/১৭৫

তারিখঃ ৭ জুলাই, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয় ঃ করদাতাদের কর নথি অডিটে পড়ার তথ্য দিয়ে প্রতারক কর্তৃক প্রতারনা থেকে সাবধান করা প্রসঙ্গে।**

**সূত্রঃ** জাতীয় রাজস্ব বোর্ডের প্রেস বিজ্ঞপ্তি, তারিখঃ ০৫/০৭/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। সাম্প্রতিক সময়ে এক শ্রেণীর প্রতারক চক্র কারদাতাদের কর নথি অডিটে পড়ার তথ্য দিয়ে মুঠোফোনের মাধ্যমে যোগাযোগ করছে। তারা আইনি জটিলতার ভয় দেখিয়ে ও অডিট থেকে অব্যাহতি দেয়ার আশ্বাস দিয়ে অবৈধভাবে অর্থ হাতিয়ে নেয়ার চেষ্টা করছে। এই বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের পক্ষ থেকে সম্মানিত করদাতাদের জন্য কিছু বিষয় বিশেষভাবে খেয়াল রাখার অনুরোধ পূর্বক সূত্রোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি জারী করেছে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেস বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন,
আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭।

তারিখ: ০৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ।

## প্রেস বিজ্ঞপ্তি

এতদ্বারা সম্মানিত সকল করদাতার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা গেছে এক শ্রেণীর প্রতারক চক্র করদাতাদের কর নথি (File) অডিটে পড়ার তথ্য দিয়ে বিভিন্ন মুঠোফোন নম্বর থেকে যোগাযোগ করছে। তারা অডিট থেকে অব্যাহতি দেওয়ার আশ্বাস দিয়ে বা আইনি জটিলতার ভয় দেখিয়ে করদাতাদের কাছ থেকে অবৈধভাবে অর্থ দাবি করছে এবং অর্থ হাতিয়ে নেওয়ার চেষ্টা করছে। এই বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের পক্ষ থেকে সম্মানিত করদাতাদের নিম্নোক্ত বিষয়গুলো বিশেষভাবে খেয়াল রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে:

**লিখিত নোটিশ ব্যতীত কোনো যোগাযোগ নয়:** জাতীয় রাজস্ব বোর্ডের কোনো কর্মকর্তা বা কর্মচারী করদাতার কর নথি অডিট সংক্রান্ত বিষয়ে ব্যক্তিগত মুঠোফোন নম্বর বা অননুমোদিত মাধ্যমে যোগাযোগ করেন না। অডিটের জন্য ফাইল নির্বাচিত হলে তা আইনানুযায়ী কেবল আনুষ্ঠানিক লিখিত নোটিশের মাধ্যমে করদাতাকে জানানো হয়।

**আর্থিক লেনদেনে সতর্কতা:** কর সংক্রান্ত যেকোনো বকেয়া কর বা ফি শুধুমাত্র সরকারি চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হয়। কোনো কর্মকর্তা বা ব্যক্তি করদাতার কাছ থেকে ব্যক্তিগতভাবে, বিকাশ, রকেট, নগদ বা অন্য কোনো মোবাইল ব্যাংকিং বা ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে অর্থ গ্রহণের এখতিয়ার রাখেন না।

**তথ্য যাচাই করুন:** এই ধরনের কোনো সন্দেহজনক ফোন কল, খুদে বার্তা (SMS) বা ইমেইল পেলে বিভ্রান্ত না হয়ে অবিলম্বে আপনার সংশ্লিষ্ট কর অঞ্চলের উপ কর কমিশনারের কার্যালয়ে যোগাযোগ করে সত্যতা যাচাই করুন।

**আইনি ব্যবস্থা:** কোনো প্রতারকচক্র যদি এনবিআর-এর কর্মকর্তা সেজে অর্থ দাবি করে, তবে তাৎক্ষণিকভাবে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থাকে (পুলিশ) অবহিত করুন এবং প্রতারকের ফোন নম্বরটি সংরক্ষণ করুন। জাতীয় রাজস্ব বোর্ড করদাতাদের হয়রানিমুক্ত ও স্বচ্ছ সেবা প্রদানে বদ্ধপরিকর। কোনো অবস্থাতেই এই ধরনের প্রতারকদের ফাঁদে পা দিয়ে কোনো আর্থিক লেনদেন না করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

**জাতীয় রাজস্ব বোর্ড।**